নিয়ন্ত্রক(অহিনি) কার্যালয়
পানি ভবন(লেভেল-১০),
৭২, গ্রীনরোড, বাপাউবো, ঢাকা।
ফোন নং- +৮৮০২২২২২৩০০৩২(অফিস)
bwdbcontroller@yahoo.com

বাংলাদেশ পানি উন্নয়ন

Office of the Controller(F.A&A)
Panibhaban(Level-10)
72, Green road,
BWDB, Dhaka
Tel no- +8802222230032 (Off)
bwdbcontroller@yahoo.com

স্মারক নং-নিয়ন্ত্রক/ই-১/০৩৯

তারিখ-২৩/০৮/২০২৩ খ্রিঃ

# সভার কার্য্যবিবরনী

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রচলিত নিয়মে ব্যাংকে উপস্থিত হয়ে পেনশন গ্রহণের পরিবর্তে Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অবসরভাতা পরিশোধের নিমিত্ত বিগত ২১.০৮.২০২৩ খ্রিঃ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকার সময় অনুষ্ঠিত সভার কার্য্যবিবরনী ঃ**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রচলিত নিয়মে ব্যাংকে উপস্থিত হয়ে পেনশন গ্রহণের পরিবর্তে Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অবসরভাতা পরিশোধের কার্যক্রম শুরু হয়েছে। ইতিমধ্যে ২৫(পচিশ)টি ব্যাংকে বোর্ডের যাবতীয় শর্তাবলী পালন সাপেক্ষে EFT মাধ্যমে অবসরভোগী প্রায় ২২,০০০(বাইশ হাজার) পেনশনারের পেনশন পরিশোধ করে আসছেন। উক্ত বিষয়ে নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে তাঁহার দপ্তর কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রঃনং | কর্মকর্তার নাম | পদবী | দপ্তরের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মোঃ আশেকুল ইসাম | উপ-পরিচালক | ড্রেজার ব্যাংক, বাপাউবো, নারায়নগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ রফিকুল ইসলাম সিকদার | উপ-পরিচালক(চঃদাঃ) | অডিট পরিদপ্তর, পাউবো ঢাকা | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ হাফিজুর রহমান | উপ-পরিচালক(চঃদাঃ) | পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর। | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ শওকত আলী | সহকারী পরিচালক(অহিনি) | নিয়ন্ত্রক(অহিনি) এর দপ্তর, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ আনোয়ার হোসেন বিশ্বাস | সহকারী পরিচালক(অহিনি) | ঢাকা ব্যাংক, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব তুহিন আহমেদ | হিসাব রক্ষক | ঢাকা ব্যাংক, পাউবো, ঢাকা | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ আবুল হাশেম | সহকারী হিসাব রক্ষক | পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর। | স্বাক্ষরিত |

সভার আলোচ্য সুচীঃ-

(১) বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে পর্যালোচনা।
(২) EFT মাধ্যমে পেনশন পরিশোধ করে আসছেন এমন ব্যাংকসমুহের মতামত বিষয়ে আলোচনা।
(৩) আগামীতে অক্ষমতায় ক্ষমতা অর্পণ বহাল না রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) পেনশনারদের অন-লাইন হাজিরার জন্য (Mobile Apps) তৈরীকরণ সংক্রান্ত অগ্রগতি নিয়ে আলোচনা।
(৫) বিবিধ।

নিয়ন্ত্রক(অহিনি) মহোদয় মহান আল্লাহ পাক উনার প্রশংসা ও উনার হাবিব সাল্লাহু আলাইহিসসালাম উনার উপর দরুদ শরীফ পাঠ করেন এবং উনাদের ছানা ছিফত করে মিটিং এর কার্য্যক্রম শুরু করেন। অতঃপর উল্লেখিত বিষয়াবলী সমন্ধে সভায় বিস্তারীতভাবে আলোচনা করা হয়। পেনশনারগণের অনলাইন হাজিরার বিষয়ে পরিচালক, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা Pro-Active উদ্যোগের মাধ্যমে অতি দ্রুততার সাথে Application Software তৈরী করিয়া বোর্ডকে ঝুঁকিমুক্ত করতঃ সর্বমোট প্রায় ২২,০০০(বাইশ হাজার) পেনশন হোল্ডারকেই EFT এর আওতায় পেনশন গ্রহণের সুযোগ করে দিবেন বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় অদ্যাবধি তারা এ ব্যাপারে কোন প্রকার অগ্রগতি দেখাতে পারেননি। পেনশনারগণের নিজস্ব পেনশন থেকে সরকারের রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১০(দশ) টাকা কাটার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রত্যেক পেনশনারের পি.পি.ও বহিতে লাইফ ভেরিফিকেশন করতঃ ৫% বেতন বৃদ্ধি ফিক্সেশন ব্যতিত পরিশোধ করা যাবে না। মোট পেনশনারের মধ্যে এ যাবৎ কতজনের প্রতিস্থাপন, কতজনে রেভিনিউ স্টাম্প প্রদান ও কতজনের ৫% ইনক্রিমেন্ট প্রদান করা হয়েছে- এ ব্যাপারে প্রেরিত ছক পূরণ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরন করার সার্কুলার জারী করতে হবে। সার্বিক বিষয়ে জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবর একটি চিঠি লিখতে হবে যে, বিশেষতঃ পেনশনারের অক্ষমতায় ক্ষমতা অর্পনের বিষয়ে।

## আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহিত হয় ঃ

| ক্রঃনং | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন করিবেন | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | পরিচালক, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা-পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকার সহায়তা নিয়ে অতি দ্রুত একটি Application Software তৈরী করবেন। প্রয়োজনে তারা সি.জি.এ কর্তৃক প্রস্তুতকৃত Application Software এর সাহায্য নিতে পারেন। আগামী অক্টোবর/২৩ মাসের মধ্যে একটি অগ্রগতি প্রতিবেদন নিয়ন্ত্রক(অহিনি) বরাবর প্রেরন করবেন। এ ব্যাপারে তাদেরকে একটি পত্র প্রেরণ করতে হবে। | সিঃ সিস্টেম এনালিষ্ট, কেঃ আইসিটি পরিদপ্তর ও পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | ৩১.১০.২৩ খ্রিঃ | |
| ০২ | পেনশনারগণের নিজস্ব পেনশন থেকে সরকারের রেভিনিউ স্ট্যাম্প বাবদ প্রযোজ্য হারে টাকা কর্তন পূর্বক সরকারী কোষাগারে জমাদান করতঃ নিয়ন্ত্রক(অহিনি) মহোদয়ের নিকট সিডিউল প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ঠ র‍্যাক প্রধানগণ | প্রতিমাসে। | |
| ০৩ | অক্ষমতায় ক্ষমতা অর্পনের বিষয়ে জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবর একটি চিঠি লিখতে হবে। | নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা। | যথাশীঘ্র। | |
| ০৪ | প্রত্যেক পেনশনারের পি.পি.ও বহিতে লাইফ ভেরিফিকেশন করতঃ ৫% বেতন বৃদ্ধি ফিক্সেশন ব্যতিত পরিশোধ করা যাবে না। | সংশ্লিষ্ঠ জনতা ব্যাংকের ব্যকস্থাপকগণ ও র‍্যাক প্রধানগণ | যথাশীঘ্র। | |
| ০৫ | মোট পেনশনারের মধ্যে এ যাবৎ কতজনের প্রতিস্থাপন, কতজনে রেভিনিউ স্টাম্প প্রদান ও কতজনের ৫% ইনক্রিমেন্ট প্রদান করা হয়েছে- এ ব্যাপারে প্রেরিত ছক পূরণ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরন করার সার্কুলার জারী করতে হবে। | নিয়ন্ত্রক(অহিনি), বাপাউবো, ঢাকা। | যথাশীঘ্র। | |

২৩/৮/২৩
(মোঃ হেমায়েতুল ইসলাম-এফসিএমএ)
নিয়ন্ত্রক(অহিনি),
বাপাউবো, ঢাকা।
ও
EFT বাস্তবায়ন-তদারকী সংক্রান্ত
প্রধান কর্মকর্তা, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-নিয়ন্ত্রক/ই-১/০৩৯/(১২) তারিখঃ-২৩.০৮.২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), বাপাউবো, ঢাকা।
০২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৪। পরিচালক, অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে সভার কার্য্যবিবরনীটি বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য আদিষ্ঠমতে অনুরোধ করা হলো।
০৬। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। উপ-পরিচালক(অহিনি), পেনশন শাখা, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৮। উপপরিচালক(অহিনি)/সহকারী পরিচালক(অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, -----------------------(সকল)
০৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্তি মহাপরিচালক(অর্থ/প্রশাসন), বাপাউবো, ঢাকা।

23.8.23
(মোঃ শওকত আলী)
সহকারী পরিচালক(অহিনি)
নিয়ন্ত্রক (অহিনি) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।